

স্বাক্ষরিত
১৯/০৩/২০২৩
১৯/০৩/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohpw.gov.bd


নম্বরঃ ২৫.০০.০০০০.০১৬.৩০.০২০.২২-১৬৪

তারিখঃ ১৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/অনুবিভাগ/অধিশাখা/শাখায় ব্যবহারের জন্য কম্পিউটার প্রিন্টারের বিভিন্ন মডেলের টোনার (কালি) ক্রয়ের দরপত্র প্রদানের অনুরোধ (Request for Quotation) বিজ্ঞপ্তি।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/অনুবিভাগ/অধিশাখা/শাখায় ব্যবহারের জন্য কম্পিউটার প্রিন্টারের বিভিন্ন মডেলের টোনার (কালি) ক্রয়ের দরপত্র প্রদান (Request for Quotation) এর জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের নিকট থেকে নিজ প্যাডে সীলমোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

১. বিজ্ঞপ্তি জারির তারিখ হতে আগামী ০৩/০৪/২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর দপ্তর (ভবন নং-০৫, কক্ষ নং-১০৪, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) থেকে কোটেশন সিডিউল সংগ্রহ করা যাবে এবং কোটেশন সিডিউলে উল্লিখিত শর্ত পূরণ পূর্বক নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিল করতে হবে।
২. আগামী ০৪/০৪/২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে (ভবন নং-০৫, কক্ষ নং-১০৪, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) সম্মুখে রক্ষিত দরপত্র বাক্সে কোটেশন দাখিল করতে হবে এবং ঐ দিন দুপুর ১২.০০ ঘটিকায় কোটেশন দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ডাকযোগেও দরপত্র প্রেরণ করা যাবে তবে নির্ধারিত সময়ের পর প্রাপ্ত দরপত্র গ্রহণযোগ্য হবে না, তা বাতিল বলে গণ্য হবে।
৩. কোটেশনের সাথে চলতি সনের (২০২২-২৩) বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র এবং টিআইএন এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
৪. সরবরাহকারী কিংবা তার বৈধ অনুমোদিত প্রতিনিধি কর্তৃক কোটেশন স্বাক্ষরিত হতে হবে।
৫. একক দর ও মোট দরের গাণিতিক অসামঞ্জস্য পরিলক্ষিত হলে কোটেশন মূল্যায়ন ও ক্রয়াদেশ প্রদানকালে একক দরকে বিবেচনা করা হবে।
৬. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো বা সকল কোটেশন বাতিল/গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন এবং সর্বনিম্ন দর গ্রহণে বাধ্য নন।


(মোঃ মানিরুজ্জামান)
উপসচিব
তারিখঃ ১৯/০৩/২০২৩

বিতরণ:

১. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সকল নোটিশ বোর্ড।
২. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ।
৩. বাংলাদেশ সচিবালয়ের সকল গেইট।
৪. বাংলাদেশ সচিবালয়ের ০৫ নং ভবনের নীচতলা লিফটের সম্মুখে।
৫. জিপিও'র গেইট।

